দৈনিক বাংলা

তারিখ ... 30 JUN 1992 ...
পৃষ্ঠা ... 7 ...

১০৩

প্রাথমিক শিক্ষা কর্মসূচী

# চট্টগ্রামে দু মাসে ৭৮ ভাগ শিশুকে বিদ্যালয়ে আনা হয়েছে

সামসাদ মোনায়েম ঃ চট্টগ্রাম, ২৮, জুন।–সরকারের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর মাধ্যমে চট্টগ্রাম জেলায় চলতি বছরের প্রথম দু মাসে শতকরা ৭৮ ভাগ শিশুকে প্রাথমিক শিক্ষার আওতায় আনা হয়েছে।

সংরক্ষিত সূত্রে জানা গেছে, চট্টগ্রাম জেলায় সরকারী ও অনুমোদিত বেসরকারী মিলিয়ে মোট ১ হাজার ৮ ৭৩টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে ৬ লাখ ৩০ হাজার ৬১৩ জন শিশুকে প্রাথমিক শিক্ষা কর্মসূচীর আওতায় আনা সম্ভব হয়েছে। এদের মধ্যে ৩ লাখ ৪১ হাজার ৮০ জন বালক ও ২ লাখ ৮৯ হাজার ৫৩৩ জন বালিকা। চট্টগ্রাম জেলায় বিদ্যালয় গমনোপযোগী ৬ থেকে ১০ বছর বয়সী বালক ও বালিকার সংখ্যা যথাক্রমে ৪ লাখ ৩৩ হাজার ৭৬০ ও ৩ লাখ ৭৮ হাজার ১৫২।

শিক্ষা মন্ত্রণালয় চলতি বছর থেকে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করার লক্ষ্যে গত বছরের শেষ দিকে এক সার্কুলার জারি করেন। এ বছরের ১ জানুয়ারি থেকে ১০ জানুয়ারি পর্যন্ত চট্টগ্রাম জেলার সকল উপজেলায় শিক্ষা পক্ষ পালন করা হয়। এর মাধ্যমে শিশুদের বিদ্যালয়ে পাঠানোর ব্যাপারে অভিভাবকদের মধ্যে সচেতনতা সৃষ্টির পদক্ষেপ নেয়া হয়। এ লক্ষ্যে চট্টগ্রামের পটিয়া উপজেলাকে প্রাথমিকভাবে নির্বাচন করা হয়। পটিয়ার পৌর এলাকার তিনটি ওয়ার্ডসহ মোট ২২টি ইউনিয়নের মোট ৯০টি কমিটির মাধ্যমে ১ জানুয়ারি থেকে এ উপজেলায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের কর্মসূচী নেয়া হয়। ১৬২টি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে এ কার্যক্রম চালু করা হয়। মোট ৭৬৫ জন শিক্ষক এতে অংশ নেন।

এক জরীপে দেখা গেছে, ইতিমধ্যে পটিয়ার ৫৭ হাজার ৯শ ৮ জন শিক্ষার্থীকে প্রাথমিক শিক্ষার সাথে সম্পৃক্ত করা সম্ভব হয়েছে। অবশ্য ১০ হাজার ৩শ ৩৮ জন শিশু প্রাথমিক শিক্ষার আওতাবহির্ভূত থেকে গেছে বলে জরীপে উল্লেখ করা হয়েছে। এ বছর আরও বিপুল সংখ্যক শিশুকে এর আওতায় আনা যাবে বলে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা জানান।